


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বাবুগঞ্জ, বরিশাল।  
www.babuganj.barisal.gov.bd

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১২/০১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ শুক্রবার এ উপজেলার আড়িয়াল খা নদীর তীরবর্তী এলাকা থেকে অবৈধভাবে মাটি উত্তোলনের সময় ব্যবহৃত ০৩(তিন) টি ইঞ্জিনচালিত ট্রলার ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনাকালে বাজেয়াপ্ত করা হয়। জব্দকৃত ট্রলারসমূহ বাবুগঞ্জ খেয়াঘাট, বাবুগঞ্জ, বরিশাল-এ প্রদর্শনের জন্য রক্ষিত রয়েছে। জব্দকৃত ০৩(তিন) টি ইঞ্জিনচালিত ট্রলার আগামী ১৫/০১/২০২৪ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ ঘটিকার সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী ক্রেতাদের নিম্নোক্ত শর্তসাপেক্ষে উক্ত নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. প্রকাশ্য নিলাম চলাকালীন সর্বোচ্চ নিলাম ডাককারীর দর গ্রহণ করা হবে।
২. প্রকাশ্য নিলামে সর্বোচ্চ ডাককারী হিসেবে বিবেচিত ক্রেতাকে অবশ্যই তার আহ্বানকৃত দর হিসেবে সমুদয় অর্থ নিলাম শেষ হওয়ার সাথে সাথেই তাৎক্ষণিক নগদ পরিশোধ করতে হবে।
৩. উদ্ধৃত দরের অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৩% আয়কর জমা দিতে হবে।
৪. ডাক গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ০৩(তিন) দিনের মধ্যে নিলামকৃত ইঞ্জিনচালিত ট্রলারসমূহ অপসারণ করতে হবে।
৫. যেকোন ডাক গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(শাকিলা রহমান)

উপজেলা নির্বাহী অফিসার  
বাবুগঞ্জ, বরিশাল।

মোবাইল: ০১৩১৮২৫৬৩৩১

ইমেইল: [unobabuganj@mopa.gov.bd](mailto:unobabuganj@mopa.gov.bd)

নম্বর- ০৫.১০.০৬০৩.০০১.২৩.০০১.২৪-৪০

তারিখঃ ২৯ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ।  
১৩ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল।
২. অফিসার ইন চার্জ, বাবুগঞ্জ থানা/এয়ারপোর্ট থানা।
৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল)..... বাবুগঞ্জ, বরিশাল। তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানো এবং বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
৪. সহকারী প্রোগ্রামার, বাবুগঞ্জ, বরিশাল। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫. অফিস কপি।

  
১৩/০১/২৪

উপজেলা নির্বাহী অফিসার  
বাবুগঞ্জ, বরিশাল।